৩

দৈনিক বাংলা

তারিখ ..26 MAR 1997

পৃঃ ৭ কলাম ৭

# জগন্নাথ ভার্সিটি কলেজে সংঘর্ষ গুলি ঃ আহত ১১

**স্টাফ রিপোর্টার** ঃ মঙ্গলবার দুপুরে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে এক সংঘর্ষে একজন গুলিবিদ্ধ ও ১০ জন আহত হয়েছে। গুলিতে আহতের নাম দুলাল (২০), সে এখন মিটফোর্ড হাসপাতালে চিকিৎসাধীন।

কোতোয়ালী থানা জানায়, বেলা ১২টা থেকে ২টা পর্যন্ত থেমে থেমে এই সংঘর্ষ চলে। এ সময় ধাওয়া–পাল্টা ধাওয়া ও ইট-পাটকেল নিক্ষেপ হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশকে ৪ রাউন্ড টিয়ার গ্যাস ছুঁড়তে হয় বলে থানা জানায়। অপর একটি সূত্র জানায়, সংঘর্ষের সময় ব্যাপক বোমাবাজি হয়। সন্ধ্যা পর্যন্ত উক্ত বিশ্ববিদ্যালয় এলাকায় উত্তেজনা ছিল বলে জানা গেছে। সেখানে বহু পুলিশ, মোতায়েন করা হয়েছে। পুলিশ সংঘর্ষ লাগার কারণ জানাতে

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## জগন্নাথ ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

পারেনি। তবে একটি সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষকে নাজেহাল করার ঘটনাকে কেন্দ্র করে এ গোলমালের সূত্রপাত।